দৈনিক ইনকিলাব

তারিখ 03 JUL 199
পৃষ্ঠা 2 কলাম 8

07 ৪/

# স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের জন্য সেনা কল্যাণ সংস্থার বৃত্তি মঞ্জুর

সেনা কল্যাণ সংস্থা ১৯৮৯-৯০ ইং শিক্ষা বর্ষে শহীদ ও প্রাক্তন সৈনিকদের ১ হাজার ৯শ' ৫১ জন ছেলেমেয়েকে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে মোট ৪১ লাখ ৪৪ হাজার ৩শ' ২০ টাকা বৃত্তি মঞ্জুর হয়েছে। বৃত্তিপ্রাপ্তদের তালিকা সেনা, নৌ ও বিমান বাহিনীর সদর দপ্তরসমূহ, বাংলাদেশ সশস্ত্র-বাহিনী বোর্ড ও সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ডের কার্যালয়ে পাঠানো হয়েছে।

বৃত্তির টাকা মতিঝিল বাণিজ্যিক এলাকার আমিন কোর্ট, অগ্রণী ব্যাংক শাখা কর্তৃক ড্রাফটযোগে বৃত্তিধারীর শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নামে পাঠানো হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের বৃত্তির টাকা প্রদান করবেন। খবর আইএসপিআর-এর।

স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের বৃত্তিধারীগণ তাদের ১ম বর্ষ থেকে ২য় বর্ষে ও অন্যান্য কোর্স অনুযায়ী পরবর্তী বর্ষের উত্তীর্ণ পত্র বা নম্বরপত্র স্ব স্ব বিভাগীয় প্রধান বা অধ্যক্ষের মাধ্যমে সেনা কল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ে জমা দিলে তাদের বৃত্তি পরবর্তী বর্ষের জন্য নবায়ন করা যেতে পারে। পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার সাথে সাথেই উত্তীর্ণ পত্র বা নম্বরপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। উত্তীর্ণ পত্রে বা নম্বরপত্রে নিজেদের নাম, বৃত্তির নম্বর, পিতার নাম ও সংশ্লিষ্ট বাহিনীর নম্বর ও পদবী উল্লেখ করতে হবে।